যুগান্তর

৬/৯/২০০১

তারিখ ...
পৃষ্ঠা ...১৫... কলাম ...১৬...

# অনশনে শিক্ষকদের কোন ক্ষতি হলে সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করে দেয়ার হুমকি

যুগান্তর রিপোর্ট

শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের নেতৃবৃন্দ বলেছেন, আমরণ অনশনে শিক্ষক-কর্মচারীদের কোন ক্ষতি হলে দেশের সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করে দেয়া হবে। ৬ দফা দাবি পূরণ ও ৯ দফায় শিক্ষক স্বার্থবিরোধী ধারাসমূহ বাতিলের দাবিতে শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের আমরণ অনশন কর্মসূচির তৃতীয় দিনে নেতৃবৃন্দ এ ঘোষণা দেন।

গতকাল এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, অনশন কর্মসূচির তৃতীয় দিনে ৩২ জন শিক্ষক গুরুতর অসুস্থ অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে মৃত্যুর সঙ্গে লড়ছেন।

শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম শরীফুল ইসলাম, সমন্বয়কারী মোঃ সেলিম ভূঁইয়া, আহ্বায়ক কাজী আঃ রাজ্জাক, মাওলানা এমএ লতিফ, যুগ্ম আহ্বায়ক অধ্যক্ষ মাজহারুল হান্নান ও শফিকুল আলম শিক্ষক-কর্মচারীদের দাবির প্রতি সব মহলের সহযোগিতা কামনা করেন তারা প্রধানমন্ত্রীকে সব দাবি মেনে নেয়ার জন্য অনুরোধ করেন।